ভোরের কাগজ

তারিখ ..........
পৃষ্ঠা ৮ ....... কলাম ৩ .......

NOV. 25 2002

### রা.বিতে ছাত্রদলের সম্মেলন নিয়ে জটিলতা

# তদন্ত কমিটির বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ

**রা.বি প্রতিনিধি :** রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের কমিটি গঠন করাকে কেন্দ্র করে সৃষ্ট জটিলতায় কেন্দ্র থেকে পাঠানো তদন্ত কমিটির ভূমিকায় ক্যাম্পাসে নানা প্রশ্নের সৃষ্টি হয়েছে। কেন্দ্র থেকে পাঠানো এ তদন্ত কমিটি রাজশাহী মহানগর নেতাদের প্রভাবপুষ্ট হয়ে একটি নির্দিষ্ট পক্ষের হয়ে কাজ করেছে বলে অভিযোগ উঠেছে।

সূত্রমতে, গত ৩ নভেম্বর ব্যাপক জটিলতার মধ্য দিয়ে ছাত্রদল রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখার কমিটি গঠন করা হয়। সে সময়ে ভোট গ্রহণের মাধ্যমে কমিটি গঠন করা নিয়ে প্রশ্ন উঠে। এ কমিটিতে যে দুজনকে সভাপতি ও সাধারণ সম্পাদক করা হয় তাদের ছাত্রত্ব নেই বলে জানা যায়। এ নিয়ে বিভিন্ন পত্রিকায় ব্যাপক লেখালেখিও হয়। এর পরিপ্রেক্ষিতে ছাত্রদল কেন্দ্রীয় কমিটি থেকে একটি তদন্ত কমিটি গঠন করা হয়।

এ কমিটির সদস্যরা গত বৃহস্পতিবার ক্যাম্পাসে এসে তাদের তদন্ত কাজ শুরু করেন। কমিটির সদস্যরা হলেন কেন্দ্রীয় কমিটির সদস্য আবদুর কাদের জুয়েল ও মিজানুর রহমান খোকন। কিন্তু তাদের কাজ শুরু করার পর ক্যাম্পাসে ছাত্রদলের নেতাদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়। তারা মহানগর নেতাদের প্রভাবপুষ্ট হয়ে তাদের তদন্ত কাজ পরিচালনা করেন বলে অভিযোগ উঠে। বিশেষ করে মিজানুর রহমান খোকনের বিরুদ্ধে অভিযোগ আরো গুরুতর। তিনি রাজশাহী মহানগরী ছাত্রদলের সাবেক নেতা ও ক্যাম্পাস ছাত্রদলের একটি গ্রুপের সমর্থক বলে পূর্ব থেকেই আলোচিত। সে কারণে ঐ তদন্ত কমিটি ঐ নির্দিষ্ট গ্রুপের পক্ষে কাজ করে মনগড়া রিপোর্ট পেশ করবে বলে সকলের ধারণা।

এ বিষয়ে গতকাল রা.বি ছাত্রদলের লিখন গ্রুপের এক শীর্ষ নেতা এ প্রতিনিধির মোবাইলে ফোন করেও দীর্ঘ অভিযোগ জানান।